

ভারত-চীন কর্পস কমান্ডার পর্যায়ের ১৯তম রাউন্ডের যৌথ প্রেস রিলিজ

15 ই আগস্ট, 2023

২০২৩ সালের ১৩-১৪ই আগস্ট ভারতের চুশুল-মোলদো সীমান্ত মিটিং পয়েন্টে ভারত-চীন কর্পস কমান্ডার পর্যায়ের ১৯তম বৈঠক অনুষ্ঠিত হয়।

উভয় পক্ষ পশ্চিম সেক্টরে এলএসি বরাবর অবশিষ্ট ইস্যুগুলির সমাধানের বিষয়ে ইতিবাচক, গঠনমূলক এবং গভীর আলোচনা করেছে। নেতৃত্বের দেওয়া নির্দেশনার সাথে সঙ্গতি রেখে তারা খোলামেলা ও দূরদর্শী পদ্ধতিতে মতবিনিময় করেন।

অবশিষ্ট বিষয়গুলো দ্রুত সমাধান এবং সামরিক ও কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে সংলাপ ও সমঝোতার গতি বজায় রাখতে তারা সম্মত হন। এরই মধ্যে উভয় পক্ষ সীমান্ত এলাকায় শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতে সম্মত হয়েছে।

নয়া দিল্লী

15ই আগস্ট, 2023